জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

সূত্র : ৩৬(০২৩)জাতী: বি:/একা:/পিজিডি/এলআইএস/২০১৭-১৮/৩১৯৪ তারিখ : ০৪/০৫/২০১৭

২০১৭-১৮ শিক্ষাবর্ষের এন ইউ অন-ক্যাম্পাস পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট

(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ বছর মেয়াদী অন-ক্যাম্পাস পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে দ্বিতীয় ব্যাচে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের **২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ বছর মেয়াদী অন-ক্যাম্পাস পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে দ্বিতীয় ব্যাচের** অনলাইন ভর্তি কার্যক্রম **০৯ মে ২০১৭ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ০৩ জুন ২০১৭ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে**। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং আবেদন ফরমের প্রিন্ট কপিসহ প্রার্থীর **স্নাতক পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার** সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা** গাজীপুরস্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের লাইব্রেরী ভবনের ২২২নং কক্ষে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। **এই ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের ভর্তি পরীক্ষা দিতে হবে।** আবেদনকারীদের ভর্তি পরীক্ষা ও স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

১.ভর্তির যোগ্যতা :

জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক অনুমোদিত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় বা অধিভুক্ত কলেজ হতে যে কোন বিষয়ে স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) বা সমমান ডিগ্রিধারী শিক্ষার্থীগণ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্ত অনুযায়ী যোগ্য বিবেচিত হলে ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স কোর্সে পূর্ণকালীন শিক্ষার্থী হিসাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ভর্তি হতে পারবে। শিক্ষাজীবনে এসএসসি থেকে স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) ডিগ্রিপর্যন্ত ন্যূনতম মোট ০৫ (পাঁচ) পয়েন্ট (প্রথম বিভাগ ৩ পয়েন্ট, দ্বিতীয় বিভাগ ২ পয়েন্টএবং তৃতীয় বিভাগ ১ পয়েন্ট হিসেবে গণ্য হবে) অথবা গ্রেডিং পদ্ধতিতে ০৭ (সাত) পয়েন্ট থাকতে হবে।

২. ফরম জমাদান ও ফি প্রদান ঃ

ক) আবেদনকারীকে নির্দিষ্ট **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** **website** এ **Master's Tab** এ গিয়ে **Apply Now (NU on Campus PGD In Library & Information Science) অপশনে** ক্লিক করতে হবে এবং **website**-এ প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট **স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/বিবিএ (সম্মান)/বিকম (সম্মান)** পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, ব্যক্তিগত মোবাইল নম্বর ও **ই-মেইল নম্বর** সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। **এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে**। ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb.

গ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

ছ) আবেদন ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রূটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Master's Tab**-এ গিয়ে **Applicant's Login (NU on Campus PGD In Library & Information Science)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উলি-খিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে।

জ) আবেদন ফরমের প্রিন্ট কপিসহ প্রার্থীর **স্নাতক পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার** সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা** গাজীপুরস্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের লাইব্রেরী ভবনের ২২২নং কক্ষে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। আবেদন ফরমটির দ্বিতীয় অংশ **NU অন-ক্যাম্পাস পিজিডি ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স** প্রোগ্রামের কো-অর্ডিনেটরের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে ফেরৎ দেয়া হবে। কো-অর্ডিনেটর যে সকল আবেদন ফরম অন-লাইনে নিশ্চায়ন করবেন, শুধুমাত্র সে সকল শিক্ষার্থীকেই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে।

৩। ক) লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারের দিন আবেদবকারীকে সকল সনদের মূলকপি ও প্রিন্ট্রকৃত অন লাইন আবেদন ফরম সোনালী সেবার জমা স্লিপসহ স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষন ও গবেষণা কেন্দ্রের ডিন দপ্তরে উপস্থিত হতে হবে। সাক্ষাৎকারের দিন আবেদনপত্র ও সকল সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

খ) ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয়ের সংশি-ষ্ট বিভাগে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

৪। **প্রাথমিক আবেদন ও চূড়ান্ত ভর্তির সময়সীমা:**

ক্রমিক	বিবরণ	তারিখ
১।	**অনলাইনে আবেদন করার তারিখ**	০৯/০৫/২০১৭ থেকে ০৩/০৬/২০১৭
২।	**আবেদন ফরম, প্রাথমিক আবেদন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র** জাতীয় বিশ্ববিদ্যলয় ক্যাম্পাসে **জমা দেয়ার তারিখ**	১১/০৫/২০১৭ থেকে ০৪/০৬/২০১৭
৩।	জাতীয় বিশ্ববিদ্যলয় **কর্তৃক প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করার তারিখ**	১১/০৫/২০১৭ থেকে ০৫/০৬/২০১৭
৪।	জাতীয় বিশ্ববিদ্যলয় কর্তৃপক্ষকে প্রার্থীদের আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[আবেদনকারী প্রতি ৫০০/- (পাঁচশত) টাকা** হারে **টাকা হারে]** সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ প্রাথমিক আবেদন ফি সোনালী সেবায় পরিশোধ: জাতীয় বিশ্ববিদ্যলয় কর্তৃপক্ষ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি আবেদনকারী থেকে **৫০০/- (পাঁচশত) টাকা** হারে] সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যলয় কর্তৃক নির্ধারিত সময়ে Login এর মাধ্যমে Application Payment Info **(NU on Campus PGD In Library & Information Science)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৭ সালের সংশি-ষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উলে-খপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।]	০৬/০৬/২০১৭ থেকে ০৮/০৬/২০১৭
৫।	**ভর্তি পরীক্ষার তারিখ: ১১-০৬-২০১৭ সকাল ১১.০০ থেকে ১২.০০টা পর্যন্ত।** [উলে-খ্য, ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে ৫০ নম্বরের মধ্যে অনুষ্ঠিত হবে। তন্মধ্যে বাংলায়-২০,সা:জ্ঞান-২০, ইংরেজীতে-১০। বিশ্ববিদ্যালয় হতে সরবরাহকৃত উত্তরপত্রেই পরীক্ষা নেয়া হবে। স্থান ঃ একাডেমিক ভবন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।] সাক্ষাতকার গ্রহণ ঃ লিখিত পরীক্ষার দিন অপরাহ্নে সাক্ষাতকার গ্রহণ করা হবে।	
৬।	ভর্তি পরীক্ষার ফল প্রকাশ (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে) ঃ	১৪/০৬/২০১৭
৭।	চূড়ান্ত ভর্তির তারিখ **এক (০১) বছরের কোর্স ফি সর্ব সাকুল্যে ঃ** ২০,০০০/-**(বিশ হাজার টাকা) দুই কিস্তিতে গ্রহন করা হবে। (বিস্তারিত ভর্তির প্রসপেক্টাস-এ উল্লেখ থাকবে)।** । **কোর্স ফি সোনালী সেবায় পরিশোধ: গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগ/ কোর্স কো-অর্ডিনেটর** শিক্ষার্থীদের কোর্স ফি-এর সমুদয় অর্থ সোনালী সেবার মাধ্যমে পরিশোধ করবে। এ লক্ষ্যে নির্ধারিত সময়ে Login এর মাধ্যমে **Admission Payment Info (NU on Campus PGD In Library & Information Science)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ কোর্স ও শিক্ষাবর্ষে "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।	০৫/০৭/২০১৭ থেকে ১৬/০৭/২০১৭
৮।	ক্লাশ শুরু তারিখ ঃ ২০-০৭-২০১৭। (জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ মূল ক্যাম্পাসে)।	

▸▸ এই ভর্তি কার্যক্রমের যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দীন)
প্রোগ্রাম কো-অর্ডিনেটর
NU On Campus PGD in LIS
রুম নং-২২২, লাইব্রেরী ভবন
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
মোবাইল-০১৭১৩০৯২৭৯২
ই-মেইল: mitulnasiruddin@gmail.com

সূত্র : ৩৬(০২৩)জাতী: বি:/একা:/পিজিডি/এলআইএস/২০১৭-১৮/৩১৯৪ তারিখ : ০৪/০৫/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. কোর্স সমন্বয়কারী, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানবিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
সকল বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান,জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয়বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয়বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও অনলাইনে ভর্তিও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. পরিচালক, জনসংযোগ,তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ ও টেলিভিশন চ্যানেলে স্ক্রল আকারে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলরএর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. উপ-পরিচালক, তথ্য ও পরামর্শ সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. ওয়ান স্টপ সার্ভিস সেন্টার
১৩. অফিস কপি

(মোস্তাক আহমদ)
সহকারী রেজিস্ট্রার
NU On Campus PGD in LIS
রুম নং-২২০, লাইব্রেরী ভবন
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।